

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৭৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৯. রুদরের রাত সম্পর্কে

باب فِي لَيْلَةِ الْقَدْرِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَفْصِ بْنِ عَبْدِ اللهِ السُّلَمِيُّ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ طَهْمَانَ، عَنْ عَبَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ مُحَمَّدِ بْنِ مُسْلِمِ الزُّهْرِيِّ، عَنْ ضَمْرَةَ بْنِ عَبْدِ اللهِ بْنِ أُنْيْسٍ، عَنْ أَبِيهِ، قَالَ : كُنْتُ فِي مَجْلِسِ بَنِي سَلِمَةً وَأَنَا أَصْغَرُهُمْ، فَقَالُوا : مَنْ يَسْأَلُ لَنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَنْ لَيْلَةِ الْقَدْرِ ؟ وَذَلِكَ صَبِيحَةَ إِحْدَى وَعِشْرِينَ مِنْ رَمَضَانَ . فَخَرَجْتُ فَوَافَيْتُ مَعْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم صَلَاةَ الْمَغْرِب، ثُمَّ قُمْتُ بِبَابِ فَخَرَجْتُ فَوَافَيْتُ مَعْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم صَلَاةَ الْمَغْرِب، ثُمَّ قُمْتُ بِبَابِ فَخَرَجْتُ فَمَلَّ بِي فَقَالَ " ادْخُلْ " . فَدَخَلْتُ فَأَتْيَ بِعَشَائِهِ فَرَآنِي أَكُفُّ عَنْهُ مِنْ قِلَّتِهِ فَلَمَّا فَرَغَ بَيْتِهِ فَمَرَّ بِي فَقَالَ " ادْخُلْ " . فَدَخَلْتُ مَعَهُ فَقَالَ " كَأَنَّ لَكَ حَاجَةً " . قُلْتُ : أَجَلْ أَرْسَلَنِي قَالَ " نَولِنِي نَعْلِي " . فَقَامَ وَقُمْتُ مَعَهُ فَقَالَ " كَأَنَّ لَكَ حَاجَةً " . قُلْتُ : أَجَلْ أَرْسَلَنِي وَعِشْرِينَ . وَعُشْرِينَ . وَعِشْرِينَ . وَعَشْرُونَ قَالَ " فَو الْقَالِلَةُ " . فُولَا لَهُ فَرَانِي اللَّيْلَةُ وَلَا الْقَالِةُ الْمُعْرَالِي الْقَالِةُ اللهِ الْقَالِةُ اللهِ الْعُلُولُ وَالْعَلْمُ اللهِ الْقَالِةُ اللهِ الْكَالِةُ اللهِ الْقُلْتُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ الْقَالِةُ اللهِ اللهِ اللهِ الْمَالِهُ اللهِ اللهِ اللهِ اللهِ الْعَلَالَ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ ا

_ حسن صحيح

বাংলা

১৩৭৯। দামরাহ ইবনু 'আবদুল্লাহ ইবনু উনাইস (রহঃ) হতে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, একবার আমি বনু সালামাহর মাজলিসে উপস্থিত হই এবং সেখানে আমিই ছিলাম বয়সে ছোট। তারা বললেন, আমাদের মাঝে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে ক্বদর রাত সম্পর্কে জিজ্ঞেস করার মত কেউ আছে কি? ঘটনাটি রমাযানের একুশ তারিখ সকাল বেলার। বর্ণনাকারী বলেন, তখন আমি এ উদ্দেশে বের হই এবং মাগরিবের সালাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর সাক্ষাৎ লাভ করি। আমি তাঁর ঘরের দরজায় দাঁড়িয়ে থাকলাম। তিনি আমার পাশ দিয়ে যাওয়ার সময় আমাকে ভিতরে প্রবেশ করতে বললে আমি প্রবেশ করি।



এ সময় তাঁর রাতের খাবার আনা হলো। খাবার কম থাকায় আমি সামান্য খেয়েছি। তিনি খাওয়া শেষ করে বললেনঃ আমার জুতা দাও। এরপর তিনি উঠলে আমিও তাঁর সাথে উঠি। তিনি জিজ্ঞেস করলেন, তোমার কোনো প্রয়োজন আছে কি? আমি বললাম, হ্যাঁ, বনু সালামাহর লোকেরা আপনার নিকট 'লাইলাতুল রুদর' সম্বন্ধে জিজ্ঞেস করার জন্য আমাকে পাঠিয়েছেন। তিনি বললেনঃ আজ কত তারিখ? আমি বললাম, বাইশ। তিনি বললেনঃ তা আজ রাতেই। তিনি তেইশ তারিখের রাতের দিকে ইংগিত করেন।[1]

হাসান সহীহ।

English

Narrated Abdullah ibn Unays:

I was present at the gathering of Banu Salamah, and I was the youngest of them.

They (the people) said: Who will ask the Messenger of Allah (ﷺ) for us about Laylat al-Qadr? That was the twenty-first of Ramadan. I went out and said the sunset prayer along with the Messenger of Allah (ﷺ). I then stood at the door of his house.

He passed by me and said: Come in. I entered (the house) and dinner was brought for him. I was prevented from taking food as it was scanty.

When he finished his dinner, he said to me: Give me my shoes. He then stood up and I also stood up with him. He said: Perhaps you have some business with me.

I said: Yes. Some people of Banu Salamah have sent me to you to ask you about Laylat al-Qadr. He asked: Which night: Is it tonight?

I said: Twenty-second. He said: This is the very night. He then withdrew and said: Or the following night, referring to the twenty-third night.

ফুটনোট

[1] নাসায়ী 'সুনানুল কুবরা' (অনুঃ কোন রাতটি রুদরের রাত, হাঃ ৩৪০১) ইবরাহীম ইবনু ত্বাহমান হতে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন